



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়
আজাহার ম্যানশন (৩য় ও ৪র্থ তলা), কারমাইকেল রোড,
সেউজগাতি, বগুড়া।
www.cooperative.bogra.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

স্মারক নম্বর: ৪৭.৬১.১০০০.০০০.১৮.০১৯.১৯.২৪১৪

২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থাকরণ প্রসঙ্গে।

সূত্র: যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের জেলা ও উপজেলাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পর্যালোচনা রিপোর্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাকে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২ নং ক্রমিকে ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ কর্মপরিকল্পনা গৃহীত হলেও বগুড়া জেলাধীন উপজেলা সমবায় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা অনুযায়ী হালনাগাদকরণ ও প্রকাশ্যে প্রদর্শনের ছবি আপলোড করা হয়নি। যা অনভিপ্রেত। এছাড়াও যুগ্ম-নিবন্ধক মহোদয়ের ইতিপূর্বের নির্দেশনা মোতাবেক জেলা সমবায় কার্যালয়, বগুড়া ও এর আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়ার্ড ফরমেটে সেবা বক্সের পেইজে আপলোড করতে বলা হয়েছিল। কিন্তু এ জেলাধীন অধিকাংশ উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পিডিএফ ফরমেটে আপলোড করা হয়েছে এবং সেবা প্রদানের সকল বিষয় উল্লেখ করা হয়নি। এমতাবস্থায়, আগামী ১৯/১২/২০২৩খ্রি. তারিখের মধ্যে যুগ্ম-নিবন্ধক মহোদয়ের নির্দেশনা মোতাবেক ওয়ার্ড ফরমেটে সেবা বক্সের পেইজে (১) নাগরিক সেবা (২) প্রাতিষ্ঠানিক সেবা (৩) অভ্যন্তরীণ সেবা বিষয়গুলো উল্লেখ করে সেবাবক্সে আপলোড এবং প্রকাশ্যে প্রদর্শনের ছবি সংযুক্ত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

*** বিষয়টি এপিএ সংশ্লিষ্ট এবং অতীব জরুরী। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

সংযুক্ত: বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী'র রিপোর্ট।

১৭-১২-২০২৩

মোঃ মাসুদ পারভেজ
জেলা সমবায় কর্মকর্তা

উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), বগুড়া।



